

স্মারক নং- ২৫.০০.০০০০.০৫৬.৮৮.০০২.২১ - ৪৫৪

তারিখঃ ০১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।
১৫ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ।

উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অফিস আদেশ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সকল ধরনের মামলাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় Integrated Case Management System (CMS) নামক একটি সফটওয়্যার ও ডাটাবেইস প্রস্তুত করা হয়েছে।

০২। বর্ণিত Case Management System (CMS) সফটওয়্যার এর মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বিগত দিনের সকল মামলা ও চলমান মামলাসমূহের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহজতর হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের পরিত্যক্ত সম্পত্তিসহ সকল প্রকার দেওয়ানী ও ফৌজদারী মামলার তথ্য সংগ্রহ পূর্বক ডাটাবেইসে সংরক্ষণ করা হচ্ছে। এ সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাগণ এবং সরকার পক্ষের কৌশলীগণের পক্ষে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নেয়া সহজতর হবে। তীহাড়া, দীর্ঘদিনের পুরাতন মামলা সংক্রান্ত নথিসমূহ ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণের ফলে গুরুত্বপূর্ণ তথ্যসমূহ হারিয়ে যাওয়ার শঙ্কা থাকবে না। বিভিন্ন মামলার ম্যানুয়াল নথিসমূহের ডিজিটাল কপি ডাটাবেইসে সু-সন্নিবেশিত থাকায় ই-নথিতে লিংকের মাধ্যমে মামলাসমূহ পরিচালনা ও ব্যবস্থাপনা সহজ হবে।

০৩। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভ্যন্তরীণ ই-সেবার আওতায় Case Management System (CMS) লিংকে ক্লিক করে মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত এ সফটওয়্যারটি ব্যবহার করা যাবে। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে ইতোমধ্যে বর্ণিত সফটওয়্যারটি ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে Case Management System (CMS) সফটওয়্যারটি ব্যবহার করে মামলা ব্যবস্থাপনার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

Mihir Kanti Sarkar
(মিহির কান্তি সরকার)

সিস্টেম এনালিস্ট

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ফোনঃ ০২-৫৫১০১২১৪

ই-মেইলঃ mihircse1@gmail.com

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):

১. বিজ্ঞ আইন উপদেষ্টা (অতিরিক্ত সচিব), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. দপ্তর/সংস্থা প্রধান (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৮. প্রশাসনিক কর্মকর্তা (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. ব্যক্তিগত কর্মকর্তা (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অফিস কপি/মাস্টার ফাইল।